## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মোতাবেক
## অর্থঋণ আদালত, মৌলভীবাজার

অর্থ জারী মোকদ্দমা নং ০৪/২০২০ইং

**(অর্থঋণ মোকদ্দমা নং-১১১/২০২৫ইং হইতে উদ্ভুত)**

### নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

ব্যবস্থাপক প্রাইম ব্যাংক লি: কোর্ট রোড শাখা, মৌলভীবাজার, ডাক, থানা ও জেলা: মৌলভীবাজার।..............ডিক্রীদার।

**বনাম**

(১) মি: নাসির উদ্দিন মো: ওমর, পিতা: মৃত মোঃ আতাউর রহমান, স্বত্বাধিকারী মেসার্স ওমর ব্রাদার্স উত্তর কুলাউড়া, ডাক ও থানা: কুলাউড়া, জেলা: মৌলভীবাজার, ২। বদরুন্নেছা, মোছা: ছালেহা খানম, স্বামী: মৃত আতাউর রহমান, সাং উত্তর কুলাউড়া, ডাক ও থানা: কুলাউড়া, জেলা: মৌলভীবাজার।...............................................................দায়িকানগন।

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপরে বর্ণিত দায়িকগনের নিকট হইতে ডিক্রীদার প্রাইম ব্যাংক লি: কোর্ট রোড শাখা, মৌলভীবাজার বিগত ৩০/০১/২০২০ইং তারিখ পর্যন্ত পাওনা সর্বমোট ৬২,৮১,৬১৯.৯৫ (বাষট্টি লক্ষ একাশি হাজার ছয়শত উনিশ টাকা পঁচানব্বই পয়সা) টাকা আদায়ের লক্ষ্যে উপরে বর্ণিত ১নং দায়িকপক্ষ কর্তৃক নিম্ন তপশীলভুক্ত স্থাবর সম্পত্তি আগামী ৫/২/২৬ইং তারিখ নিম্নবর্নিত শর্তসাপেক্ষে নিলামে বিক্রয় করা হইবে। আগ্রহী নিলাম ক্রেতাগনের নিকট হইতে সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাইতেছে।

১। আগামী ৫/২/২৬ইং তারিখে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করিতে হইবে। দরদাতাগন বা তাহাদের প্রতিনিধিগন (যদি কেহ উপস্থিত থাকেন) এবং সম্মুখে উক্ত তারিখে বিকাল ৪:০১ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হইবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীলমোহরকুত খামে দাখিল করিতে হইবে। খামের উপর উপর সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে

৩। নিলাম দরপত্রের সহিত নিলাম দরপত্র দাতার দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখি করিতে হইবে।

৪। দরপত্র দাতা এক বা একাধিক তপশীলের জন্য দরপত্র দিতে পারিবে। তবে একই তপশীলের জন্য আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৫। প্রত্যেকে দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উর্ধ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জজ, অর্থঋণ আদালত, মৌলভীবাজার এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৬। অনুদ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহিত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- টাকার অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহিত হইবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মুল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অত্র আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।

৭। দরপত্রের প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে উহাতে বর্ণিত ক্রমিক ৮ ও ৫ এ বর্নিত শর্ত ভংগ করিলে দরপত্র বাতিল হইবে।

৮। তপশীল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা সিটি কর্পোরেশন, পৌরসভা, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান ভুমি উন্নয়ন কর ইত্যাদির অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায় দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক উপর বর্তাইবে না। প্রস্তুতকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

৯। উপরে বর্নিত ক্রমিক ৬ এর অধীনে প্রথম দরপত্র দাতা জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালতে ডিক্রীদারকে প্রদান পূর্বক দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে আদালত অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ধারা ৩৩(৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করিবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপ-ধারা ২(খ) এ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুন, মান পরিমাণ, ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

১১। দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১২। কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেখে কর্তৃপক্ষ যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪। আইনের বিধান মতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতা অনুকূলে সমর্পনের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

### "বন্ধকী সম্পত্তির তপশীল"

জেলা: মৌলভীবাজার, থানা: কুলাউড়া, মৌজা: নওদা সাদেকপুর, জে.এল.নং ৬৬, এস.এ. খতিয়ান নং ৩৪৭৩৫০, এস,এ খতিয়ান নং ২০১, ৪৬২, ৪৬৬, নামজারী খতিয়ান নং ১২৩১, এস, এ দাগ নং ১৯৪১, ১৯৪৩, আর, এস খতিয়ান নং ১৫৬৮, আর,এস দাগ নং ২০১৬, চৌহদ্দা: উত্তরে: আব্দুল নুর চৌধুরী, দক্ষিনে: সুজন আলী গং, পুর্বে: রইছ আলীর উত্তরাধিকারী গং, পশ্চিমে: সিএন্ডবি রাস্তার সীম, ইহাতে ৩৬.৫০ শতক ভুমিমধ্যে দক্ষিনাংশের ১৮.২৫ শতক পাকা গৃহাদি সমেত বসতবাড়ী।

**আদালতের অনুমত্যনুসারে**

সেরেস্তারদার

অর্থঋণ আদালত, মৌলভীবাজার।

Size: 3 col. x 9.5 inch